গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা- ০৪
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭




স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০৪৬.২৭.৯৯.২৩- ২৯৫ তারিখ: ১৬/০৮/২০২৬ খ্রি.

## প্রজ্ঞাপন

যেহেতু, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ফেনী সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের অফিস সহায়ক জনাব মোঃ আমিনুল ইসলাম গত ২১/০৪/২০০৭ তারিখ হতে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় উক্ত ইনস্টিটিউটের গত ৩০/ ০৫/ ২০০৭ তারিখের স্মারক নং-৬০১ মোতাবেক তাকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। কিন্তু উক্ত চিঠির খামের উপরে প্রাপক দেশের বাহিরে আছেন মর্মে প্রেরকের নিকট চিঠি ফেরত আসে।

যেহেতু, তার এই অনুপস্থিতির সময়কাল ০৫ (পাঁচ) বছরের অধিক ( ২১/০৪/২০০৭ খ্রি. তারিখ হতে ২১/০৬/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত) এবং দীর্ঘদিন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাকে কারিগরি শিক্ষা অধিদপ্তর এর ২২/০৬/২০২৩ খ্রি. তারিখের ৫৭.০৩.০০ ০০.০৪৬.২৭.০৯৯.২৩-৩৮০ নং স্মারক মোতাবেক পুনরায় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয় কিন্তু তার জবাব সন্তোষজনক নয়;

যেহেতু, তার কারণ দর্শানোর নোটিশের জবাবের সাথে সংযুক্ত কাগজপত্র এবং চিকিৎসা সনদ পর্যালোচনায় দেখা যায় তিনি কর্তৃপক্ষের অনুমতির তোয়াক্কা না করে একটি নির্দিষ্ট মেয়াদ পর পর একাধিক ছুটির আবেদন করেছেন। সংযুক্ত কাগজপত্র ও চিকিৎসা সনদ অনুযায়ী তার দীর্ঘস্থায়ী রোগের প্রমান পাওয়া যায় না। সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় তিনি দেশের বাহিরে ছিলেন বিষয়টি প্রমানিত হয়; এবং

যেহেতু, বিএসআর পার্ট-১ এর রুলস-৩৪(১) নং অনুসারে "কোন কর্মচারী একাধিক্রমে পাঁচ বৎসর কর্ম হতে অনুপস্থিত থাকার পর সে চাকরি হারাইবে। এই পাঁচ বৎসর সময়ের মধ্যে অনুমোদিত ছুটি থাকিলেও সে চাকরি হারাইবে। প্রথম অনুপস্থিতির তারিখ হইতে পাঁচ বছর অতিবাহিত হওয়ার পরের দিন চাকরির অবসান হইবে। পাঁচ বৎসর পূর্ণ হওয়ার পূর্বে অথবা পূর্ণ হওয়ার দিনেও যদি কর্মে যোগদান করে, তাহা হইলেও এই বিধি প্রযোজ্য হইবে না" মর্মে উল্লেখ আছে; এবং

সেহেতু, ফেনী সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের অফিস সহায়ক জনাব মোঃ আমিনুল ইসলাম কর্তৃপক্ষের বিনা অনুমতিতে একাধারে ২১/০৪/২০০৭ তারিখ হতে ২০/০৪/২০১২ তারিখ পর্যন্ত কর্মে অনুপস্থিত থাকায় এবং ২০/০৪/২০১২ তারিখ তার অনুপস্থিতির মেয়াদ ৫ বছর পূর্ণ হওয়ায় বিএসআর পার্ট-১ এর বিধি-৩৪ নং মোতাবেক ২১/০৪/২০১২ তারিখ হতে তার চাকুরির অবসান হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১৩.৮.২৩
আবুল খায়ের মোঃ আক্কাস আলী
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০৪৬.২৭.৯৯.২৩-২৯৫ তারিখ: ১৬/০৮/২০২৬ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. পরিচালক (প্রশাসন/ পিআইইউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭।
২. অধ্যক্ষ, ফেনী সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, ফেনী।
৩. ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টস, ডিভিশনাল কন্ট্রোলার অব অ্যাকাউন্টস এর কার্যালয়,..................।
৪. ডিস্ট্রিক্ট অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, ডিস্ট্রিক্ট অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়,.........।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ করা হোক)।
৬. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৭. জনাব মোঃ আমিনুল ইসলাম, অফিস সহায়ক, ফেনী সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, ফেনী [স্থায়ী ঠিকানা: গ্রাম-দক্ষিণ বড়চর, ডাকঘর-শায়েস্তাগঞ্জ, উপজেলা-হবিগঞ্জ সদর, জেলা- হবিগঞ্জ]।
৮. পরিচালক (পিআইডব্লিউ)-এর ব্যক্তিগত কর্মকর্তা।
৯. সংরক্ষণ নথি।

১৬/৮/২৩
(মোঃ হুমায়ুন কবির)
সহকারী পরিচালক-০৪